দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 19 JAN 2008 ...
পৃষ্ঠা ৪২ কলাম ৬ .....

পাবলিক বিশ্ববিদ্যালয়ের

# দুর্নীতিরোধ ও শীর্ষ পদে পরিবর্তনের আহ্বান

পাবলিক বিশ্ববিদ্যালয়গুলোর দুর্নীতিরোধ ও শীর্ষ প্রশাসনিব পদে পরিবর্তনের জন্য শিক্ষা উপদেষ্টার প্রতি আহ্বান জানিয়েছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ৬৬ শিক্ষক। শুক্রবারে এক প্রেস বিবৃতিতে তাঁরা এই আহ্বান জানান। বিবৃতিতে তাঁরা বলেন, বিগত কয়েক বছর ধরে পাবলিব বিশ্ববিদ্যালয়গুলোর যে ক্ষত সৃষ্টি হয়েছে ওয়ান ইলেভেনের পর তত্ত্বাবধায়ক সরকার জনমনে আশার সঞ্চার ঘটালেও পাবলিক বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট সমস্যাগুলো সমাধানে সরকার রহস্যজনকভাবে নিশ্চুপ থাকায় সে প্রত্যাশার অনেকটাই মলিন হয়ে পড়েছে। প্রায় সব পাবলিক বিশ্ববিদ্যালয়ে দলীয়করণ, আত্মীয়করণ ও রাজনৈতিক উদ্দেশে নিয়োগপ্রাপ্তদের বিরুদ্ধে এক বছর পরেও কোন ব্যবস্থা নিতে দেখা যায়নি। ফলে বিশ্ববিদ্যালয়গুলোতে ওয়ান ইলেভেনের আগের অবস্থা এখনও বিরাজমান। বিবৃতিতে তাঁরা আরও বলেন, এসব দুর্নীতিবাজ ও ক্ষয়রোগগ্রস্ত প্রশাসনের হাত থেকে পাবলিক বিশ্ববিদ্যালয়গুলো রক্ষার পাশাপাশি উচ্চশিক্ষাকে স্বাভাবিক বিকাশের পথে ফিরে আনতে হবে এবং পাবলিক বিশ্ববিদ্যালগুলোক ধ্বংসের হাত থেকে রক্ষা করতে হবে। বিবৃতিতে স্বাক্ষরকারী শিক্ষকদের মধ্যে রয়েছেন— প্রফেসর সাইদুল হক চৌধুরী, প্রফেসর ড. মোঃ রফিকুল হক, প্রফেসর ড. মোঃ শাহ-ই-আলম, প্রফেসর ম. মহসিনুল ইসলাম, প্রফেসর উবায়দুর রহমান